দৈনিক ইত্তেফাক

তারিখ FEB 27 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

50

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটের অবসান

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গত বৃহস্পতিবার ছিল ছাত্রদল আহূত সপ্তাহব্যাপী ছাত্র ধর্মঘটের শেষ দিন। গত শনিবার ধর্মঘট শুরু হয়। ধর্মঘট চলাকালে কোন ক্লাস হয় নাই। বিশ্ববিদ্যালয় প্রকাশিত এ বৎসরের ডায়েরীতে বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনকারী মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নামসম্বলিত অংশ বাদ দেওয়ার প্রতি-

( ১২শ পৃঃ দ্রঃ

## ইসলামী বিশ্ববিদ্যালয়

( ৩য় পৃঃ পর )

বাদে, অবিলম্বে উক্ত অংশ সংযোজন করিয়া প্রকাশ এবং ক্যাম্পাসে ছাত্র রাজনীতির উপর আরোপিত অনির্দিষ্টকালের নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবীতে ছাত্রদল উক্ত ধর্মঘট পালন করে। ছাত্রদল ঘোষণা করিয়াছে, আজ শুক্রবারের মধ্যে তাহাদের দাবী পূরণ না হইলে আগামীকাল হইতে ক্যাম্পাসে লাগাতার ধর্মঘট চলিবে। শিক্ষক সমিতি ডায়েরী মুদ্রণ সংক্রান্ত বিষয়ে ভিসির তীব্র সমালোচনা করিয়া ছাত্রদলের অনুরূপ দাবী পেশ করিয়াছে।

এদিকে কর্তৃপক্ষ ছাত্রদলের হুমকির মুখে মুদ্রিত ডায়েরী বিক্রয় শুরু না করিলেও তাহা সংশোধনের বিপক্ষে অনড় রহিয়াছে। উক্ত ডায়েরী প্রকাশনা কমিটির সভাপতি প্রফেসর এম আলাউদ্দিন জানান, দেশের অন্য বিশ্ববিদ্যালয়ের ডায়েরীতে এ ধরনের বিষয় উল্লেখ না থাকায় উক্ত অংশ বাদ দেওয়া হইয়াছে। উল্লেখ্য, ছাত্রদল ডায়েরী প্রত্যাহারের দাবীতে ইতিমধ্যে জনসংযোগ অফিসে ব্যাপক ভাংচুর করিয়াছে।